৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

**কৃষি ঋণ বিভাগ-১**

এসিডি-১ সার্কুলার নং: ০২

২২ আষাঢ় ১৪৩৩
তারিখ: ----------------
০৬ জুলাই ২০২৬

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা**
**বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।**

প্রিয় মহোদয়,

**দেশের উত্তরবঙ্গে কৃষিভিত্তিক বিশেষ অর্থনৈতিক কেন্দ্র সৃষ্টির লক্ষ্যে ৩,০০০ (তিন হাজার) কোটি টাকার পুনঃ অর্থায়ন তহবিল গঠন ও পরিচালনার নীতিমালা।**

বাংলাদেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ, কর্মসংস্থান সৃষ্টি এবং দারিদ্র্য বিমোচনসহ সামগ্রিক সামষ্টিক অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে কৃষি খাতের গুরুত্ব অপরিসীম। উত্তরবঙ্গ (রাজশাহী ও রংপুর বিভাগের আওতাধীন জেলাসমূহ) দেশের অন্যতম প্রধান কৃষিপণ্য উৎপাদনকারী অঞ্চল হিসেবে স্বীকৃত। তবে, এ অঞ্চলে উৎপাদিত কৃষিপণ্যের আধুনিক ফসল-উত্তর ব্যবস্থাপনা (Post-harvest Management) ও বাজারজাতকরণ অবকাঠামোর সীমাবদ্ধতা, বিশেষায়িত হিমাগারের অভাব, অপর্যাপ্ত প্রক্রিয়াজাতকরণ শিল্প এবং সরবরাহ শৃঙ্খল (Supply Chain) এ সরাসরি প্রবেশের সীমাবদ্ধতার কারণে প্রকৃত অর্থনৈতিক সম্ভাবনা পূর্ণমাত্রায় বিকশিত হচ্ছে না, যা দেশের সামষ্টিক অর্থনীতিতে নেতিবাচক প্রভাব ফেলছে।

দেশের অর্থনীতিকে গতিশীল করার লক্ষ্যে উত্তরবঙ্গের কৃষিপণ্য উৎপাদন পর্যায় হতে সংরক্ষণ, বাজারজাতকরণ, প্রক্রিয়াজাতকরণ এবং আন্তর্জাতিক বাজারে রপ্তানি পর্যন্ত সম্পূর্ণ কৃষি মূল্য শৃঙ্খল (Agri Value Chain)-কে কার্যকর ও গতিশীল করার মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের ব্যবস্থাপনায় তফসিলি ব্যাংকের উদ্বৃত্ত তারল্যে গঠিত তহবিল হতে ৩,০০০ (তিন হাজার) কোটি টাকার একটি পুনঃ অর্থায়ন তহবিল গঠন করা হলো।

বাংলাদেশে কার্যরত তফসিলি ব্যাংকসমূহের জন্য প্রযোজ্য এ পুনঃ অর্থায়ন তহবিলটির ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশাবলী অনুসৃত হবে:

২. **তহবিলের নাম:** “দেশের উত্তরবঙ্গে কৃষিভিত্তিক বিশেষ অর্থনৈতিক কেন্দ্র সৃষ্টির লক্ষ্যে ৩,০০০ (তিন হাজার) কোটি টাকার পুনঃ অর্থায়ন তহবিল”।

৩. **তহবিলের উদ্দেশ্য:** তহবিলের উদ্দেশ্য হবে দেশের উত্তরবঙ্গে–

ক) কৃষি উৎপাদন বৃদ্ধি;
খ) কৃষিপণ্যের বাজারজাতকরণ, সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ, মূল্য সংযোজন কার্যক্রম সম্প্রসারণ এবং অবকাঠামোগত উন্নয়ন;
গ) কৃষিভিত্তিক কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (CMSME) এবং কৃষিভিত্তিক শিল্প খাতের বিকাশে সহায়তা প্রদান;
ঘ) রপ্তানিযোগ্য কৃষিপণ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও সরবরাহ শৃঙ্খল (Supply Chain) উন্নয়ন; এবং
ঙ) গ্রামীণ কর্মসংস্থান ও আয় বৃদ্ধিতে সহায়তা প্রদান।

চলমান পাতা-২

৪. **তহবিলের পরিমাণ:** ৩,০০০ (তিন হাজার) কোটি টাকা।

৫. **তহবিলের উৎস:** বাংলাদেশ ব্যাংকের ব্যবস্থাপনায় তফসিলি ব্যাংকসমূহের উদ্বৃত্ত তারল্যে গঠিত তহবিল।

৬. **তহবিলের মেয়াদ:** সার্কুলার জারির তারিখ হতে ০৩ (তিন) বৎসর।

৭. **তহবিল ব্যবহারের ভৌগোলিক সীমানা:** এ তহবিলের সুবিধা দেশের উত্তরবঙ্গের (রাজশাহী ও রংপুর বিভাগের আওতাধীন জেলাসমূহ) জন্য সংরক্ষিত থাকবে।

৮. **ঋণ/বিনিয়োগ চুক্তি সম্পাদন ও তহবিলের ব্যবস্থাপনা:**

ক) বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক কৃষি ঋণ বিভাগ-২, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর সাথে একটি অংশগ্রহণ চুক্তি (Participation Agreement) সম্পাদন করে এ তহবিলের আওতায় পুনঃ অর্থায়ন সুবিধা গ্রহণ করতে পারবে। উক্ত তহবিলটি কৃষি ঋণ বিভাগ-২, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক পরিচালিত হবে এবং কৃষি ঋণ বিভাগ-২ প্রয়োজনীয় শর্ত/বিধি অনুসরণের নির্দেশনা প্রদান করতে পারবে। তহবিল হতে তফসিলি ব্যাংকের ঋণ/বিনিয়োগ গ্রহণ এবং তার বিপরীতে পরিশোধ সংক্রান্ত কার্যক্রম সংশ্লিষ্ট ব্যাংকের প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস কর্তৃক সম্পাদিত হতে হবে।

খ) অংশগ্রহণ চুক্তি সম্পাদনকারী ব্যাংকসমূহের চাহিদা, ঋণ/বিনিয়োগ বিতরণের সক্ষমতা ইত্যাদির ভিত্তিতে কৃষি ঋণ বিভাগ-২, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ব্যাংকসমূহের অনুকূলে তহবিল বরাদ্দ করবে এবং পরবর্তীতে প্রয়োজনবোধে বরাদ্দকৃত তহবিলের পরিমাণ পুনঃ নির্ধারণ করতে পারবে।

গ) গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগ বিতরণের পর অংশগ্রহণকারী ব্যাংকসমূহ কর্তৃক পেশকৃত পুনঃ অর্থায়ন দাবি পর্যালোচনাপূর্বক পর্যায়ক্রমে বরাদ্দকৃত তহবিলের সমপরিমাণ অর্থ পুনঃ অর্থায়ন করা হবে।

ঘ) অংশগ্রহণকারী ব্যাংকসমূহ এ তহবিলের আওতায় বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে কৃষি ঋণ বিভাগ-২, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর নিকট নির্ধারিত ছকে (সংযুক্ত ছক-২) পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে পুনঃ অর্থায়নের আবেদনপত্র দাখিল করবে। উল্লিখিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিলে ব্যর্থ হলে বিলম্বের কারণ উল্লেখসহ সর্বোচ্চ ২ (দুই) মাসের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে; অন্যথায় উক্ত ঋণ/বিনিয়োগ এ তহবিলের আওতায় পুনঃ অর্থায়নের জন্য বিবেচিত হবে না।

৯. **খাতভিত্তিক তহবিল বরাদ্দ ও ঋণ/বিনিয়োগের খাতসমূহ:** অংশগ্রহণকারী ব্যাংকসমূহ তাদের অনুকূলে বরাদ্দকৃত অর্থ নিম্নোক্ত ৪ (চার)টি মূল খাতে নির্ধারিত শতকরা হারে বিতরণ করতে পারবে:

ক) কৃষি উৎপাদন খাত [বরাদ্দ: ১৫% (পনেরো শতাংশ)]: এ খাতের আওতায় বিদ্যমান বার্ষিক কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচি অনুসরণপূর্বক এর আওতাভুক্ত সকল প্রকার শস্য-ফসল, মৎস্য, প্রাণিসম্পদ, কৃষি ও সেচ যন্ত্রপাতি খাত এবং আয় উৎসারী কর্মকাণ্ডসহ অন্যান্য পল্লী ঋণ খাত অন্তর্ভুক্ত থাকবে।

খ) কৃষিপণ্য সংরক্ষণ, পরিবহন, বাজারজাতকরণ ও অবকাঠামো খাত [বরাদ্দ: ৩৫% (পঁয়ত্রিশ শতাংশ)]: এ খাতের আওতায় কৃষিপণ্য সংরক্ষণ, বাজারজাতকরণ, কৃষি-সংশ্লিষ্ট আধুনিক ও পরিবেশ-বান্ধব হিমাগার, আধুনিক বীজ সংরক্ষণাগার, গুদামঘর, খাদ্যশস্য সংরক্ষণাগার (Silo) স্থাপন ও আধুনিকায়ন/সংস্কার, শীতল/হিমায়িত সরবরাহ শৃঙ্খল (Cold Chain Logistics) এবং চলতি মূলধন (Working Capital) সরবরাহ ইত্যাদি অন্তর্ভুক্ত থাকবে।

গ) কৃষিজাত/কৃষিভিত্তিক পণ্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ খাত [বরাদ্দ: ৩৫% (পঁয়ত্রিশ শতাংশ)]: এ খাতের আওতায় "সংযুক্ত ছক-১" এ অর্ন্তভুক্ত কৃষিভিত্তিক শিল্প স্থাপন, কৃষিজাত/কৃষিভিত্তিক পণ্য উৎপাদন ও বাজারজাতকরণ এবং কৃষিপণ্য/খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প স্থাপন ও আধুনিকায়ন/সংস্কার এবং চলতি মূলধন (Working Capital) সরবরাহ ইত্যাদি অন্তর্ভুক্ত থাকবে।

ঘ) কৃষিপণ্য ও কৃষিভিত্তিক পণ্যের রপ্তানি খাত [বরাদ্দ: ১৫% (পনেরো শতাংশ)]: এ খাতের আওতায় কৃষিপণ্য ও কৃষিভিত্তিক পণ্যের রপ্তানি বা রপ্তানি প্রস্তুতিমূলক কার্যক্রম অন্তর্ভুক্ত থাকবে।

চলমান পাতা-৩

ঙ) প্রয়োজনীয় ক্ষেত্রে কৃষি ঋণ বিভাগ-২, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর পূর্বানুমোদনক্রমে ব্যাংকসমূহ উক্ত ৪টি মূল খাতে বরাদ্দকৃত অর্থের শতকরা হার (Percentage) বৃদ্ধি/হ্রাস করতে পারবে।

চ) উপরিউক্ত অনুচ্ছেদ ৯(ক-ঘ) তে বর্ণিত খাতের বাইরে উত্তরবঙ্গে যে কোনো কৃষিভিত্তিক উদ্যোগ এবং পরিবেশ-বান্ধব ও অপ্রচলিত যে কোনো কৃষিপণ্য উৎপাদন, সংরক্ষণ, বাজারজাতকরণ ও প্রক্রিয়াজাতকরণ এ তহবিলের মূল উদ্দেশ্যের সাথে সংগতিপূর্ণ হওয়া সাপেক্ষে কৃষি ঋণ বিভাগ-২, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর পূর্বানুমোদনক্রমে তা এ তহবিলের আওতায় অর্থায়নযোগ্য হবে।

**১০. গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগ এর সর্বোচ্চ সীমাঃ** একক ব্যক্তি, দলবদ্ধভাবে (Group Lending) এবং প্রতিষ্ঠান এর ক্ষেত্রে ঋণ/বিনিয়োগের সর্বোচ্চ সীমা হবে নিম্নরূপঃ

ক) কৃষি উৎপাদন খাতের জন্যঃ ৩০.০০ (ত্রিশ) লক্ষ টাকা।

খ) কৃষিপণ্য সংরক্ষণ, পরিবহন, বাজারজাতকরণ ও অবকাঠামো খাতের জন্যঃ ৪০.০০ (চল্লিশ) কোটি টাকা।

গ) কৃষিজাত/কৃষিভিত্তিক পণ্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ খাতের জন্যঃ ৪০.০০ (চল্লিশ) কোটি টাকা।

ঘ) কৃষিপণ্য ও কৃষিভিত্তিক পণ্যের রপ্তানি খাতের জন্যঃ সর্বোচ্চ ১৫.০০ (পনেরো) কোটি টাকা।

ঙ) প্রয়োজনীয় ক্ষেত্রে বাস্তবতার নিরিখে গ্রাহকের প্রকৃত চাহিদার ভিত্তিতে ব্যাংকসমূহ নিজস্ব বিবেচনায় ঋণের সীমা সর্বোচ্চ ২০% (বিশ শতাংশ) বৃদ্ধি/হ্রাস করতে পারবে।

**১১. সুদ/মুনাফার হারঃ**

ক) এ তহবিলের আওতায় অংশগ্রহণকারী ব্যাংকসমূহ বাংলাদেশ ব্যাংক হতে ৪% (চার শতাংশ) সুদ/মুনাফা হারে পুনঃ অর্থায়ন সুবিধা পাবে।

খ) গ্রাহক পর্যায়ে সুদ/মুনাফার হার হবে সর্বোচ্চ ৯% (নয় শতাংশ)। শরীয়াহ্ ভিত্তিক অর্থায়নের ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে আদায়কৃত মুনাফার হার শরীয়াহ্ অনুমোদিত বিনিয়োগ নীতিমালার আওতায় নির্ধারণ করতে হবে; তবে ৯% এর অধিক হবে না। উক্ত সুদ/মুনাফার হার সকল গ্রাহকের ক্ষেত্রে সমভাবে প্রযোজ্য হবে। প্রযোজ্য ক্ষেত্রে গ্রাহকের ঋণ/বিনিয়োগের ক্রমহ্রাসমান স্থিতির উপর সুদ/মুনাফা আরোপ করতে হবে।

**১২. ঋণ/বিনিয়োগের মেয়াদঃ**

ক) গ্রাহক পর্যায়ে প্রযোজ্য ক্ষেত্রে খাত/প্রকল্প বিবেচনায় অনুচ্ছেদ ৯(ক) খাতে ০৩ (তিন) মাস গ্রেস পিরিয়ডসহ বিতরণকৃত ঋণ/বিনিয়োগের সর্বোচ্চ মেয়াদ হবে ১৮ (আঠারো) মাস এবং অংশগ্রহণকারী ব্যাংকসমূহ পুনঃ অর্থায়ন গ্রহণের তারিখ হতে অনধিক ১৮ (আঠারো) মাসের মধ্যে আসল এবং সুদ/মুনাফা (বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত ৪% হারে) বাংলাদেশ ব্যাংক-কে পরিশোধ করবে।

খ) গ্রাহক পর্যায়ে প্রযোজ্য ক্ষেত্রে খাত/প্রকল্প বিবেচনায় অনুচ্ছেদ ৯(খ-ঘ) খাতে ০৩ (তিন) মাস হতে ০৬ (ছয়) মাস পর্যন্ত গ্রেস পিরিয়ডসহ বিতরণকৃত ঋণ/বিনিয়োগের সর্বোচ্চ মেয়াদ হবে ৩৬ (ছত্রিশ) মাস এবং অংশগ্রহণকারী ব্যাংকসমূহ পুনঃ অর্থায়ন গ্রহণের তারিখ হতে অনধিক ৩৬ (ছত্রিশ) মাসের মধ্যে আসল এবং সুদ/মুনাফা (বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত ৪% হারে) বাংলাদেশ ব্যাংক-কে পরিশোধ করবে।

**১৩. বাংলাদেশ ব্যাংকের নিকট পুনঃ অর্থায়ন আবেদন পদ্ধতিঃ**

ক) গ্রাহক পর্যায়ে ঋণ বিতরণ বা বিনিয়োগ শুরু করার পর অংশগ্রহণকারী ব্যাংকসমূহকে মাসিক ভিত্তিতে পুনঃ অর্থায়ন প্রাপ্তির জন্য আবেদন করতে হবে।

খ) সংশ্লিষ্ট অংশগ্রহণকারী ব্যাংক গ্রাহক পর্যায়ে ঋণ বিতরণ বা বিনিয়োগ করে বাংলাদেশ ব্যাংক হতে পুনঃ অর্থায়ন প্রাপ্তির জন্য নিম্নোক্ত প্রয়োজনীয় তথ্য/দলিলাদি কৃষি ঋণ বিভাগ-২, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর আবেদন করবেঃ

⇒ প্রকৃত বিতরণ সংক্রান্ত প্রত্যয়নপত্র;

⇒ বিতরণকৃত ঋণ/বিনিয়োগ এর দাবি সংক্রান্ত বিবরণী (সংযুক্ত ছক-২);

⇒ ঋণ/বিনিয়োগ পরিশোধের প্রতিশ্রুতিপত্র (ডিপি নোট);

⇒ সংশ্লিষ্ট অন্যান্য তথ্য।

**১৪. পরিশোধ পদ্ধতি:**

ক) অংশগ্রহণকারী ব্যাংকসমূহের অনুকূলে ছাড়কৃত অর্থ নির্ধারিত মেয়াদপূর্তির মধ্যেই সুদ/মুনাফাসহ গৃহীত আসলের সমুদয় অর্থ বাংলাদেশ ব্যাংক-কে পরিশোধ করতে হবে।

খ) গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণ/বিনিয়োগ আদায়ের সকল দায়-দায়িত্ব বিতরণকারী ব্যাংকের ওপর ন্যস্ত থাকবে। এক্ষেত্রে ঋণ/বিনিয়োগ আদায়ের সাথে বাংলাদেশ ব্যাংকের পাওনাকে সম্পর্কিত করা যাবে না।

গ) তহবিলের আওতায় বাংলাদেশ ব্যাংক হতে গৃহীত ঋণ/বিনিয়োগের বকেয়া নির্ধারিত মেয়াদের মধ্যে পরিশোধিত না হলে বাংলাদেশ ব্যাংকের সাথে রক্ষিত সংশ্লিষ্ট অংশগ্রহণকারী ব্যাংকের চলতি হিসাব বিকলন করে তা আদায়/সমন্বয় করা হবে।

ঘ) এ তহবিলের আওতায় প্রদত্ত অর্থ বা এর কোনো অংশের সদ্ব্যবহার হয়নি মর্মে বাংলাদেশ ব্যাংকের নিকট প্রতীয়মান হলে এবং বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে ৯% এর অধিক সুদ/মুনাফা আদায় করা হলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সে পরিমাণ অর্থের ওপর নির্ধারিত হারের অতিরিক্ত ২% হারে সুদ/মুনাফা ধার্যপূর্বক এককালীন আদায় করা হবে।

**১৫. রিপোর্টিং ও মনিটরিং:**

ক) এ তহবিলের আওতায় বিতরণকৃত প্রতিটি ঋণ/বিনিয়োগের জন্য পৃথক হিসাব সংরক্ষণ করতে হবে।

খ) বাংলাদেশ ব্যাংক হতে পুনঃ অর্থায়ন প্রাপ্তির পর নিবিড় মনিটরিং এর লক্ষ্যে ঋণ বিতরণ বা বিনিয়োগের পুঞ্জিভূত বিবরণী (সংযুক্ত ছক-৩) কৃষি ঋণ বিভাগ-২, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এ মাসিক ভিত্তিতে (মাস সমাপনান্তে ০৭ কর্মদিবসের মধ্যে) দাখিল করতে হবে।

গ) গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগের সদ্ব্যবহার নিশ্চিতকল্পে অংশগ্রহণকারী ব্যাংকমূহের নিজস্ব সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা এবং মনিটরিং পদ্ধতি থাকতে হবে। অংশগ্রহণকারী ব্যাংকসমূহ কর্তৃক ঋণ/বিনিয়োগ বিতরণের ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে বিতরণ, আদায় ও সদ্ব্যবহার সংক্রান্ত বিষয়াদি নিয়মিত মনিটরিং করতে হবে।

ঘ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে সরেজমিন পরিদর্শন এবং তথ্যাদি যাচাই এর মাধ্যমে কৃষক পর্যায়ে ঋণ/বিনিয়োগের সদ্ব্যবহার মনিটরিং এবং মূল্যায়ন করা হবে।

ঙ) এ পুনঃ অর্থায়ন তহবিলের আওতায় ব্যাংকসমূহ ৯(ক) অনুচ্ছেদ অনুযায়ী ঋণ/বিনিয়োগ বিতরণ করলে তা তাদের বার্ষিক কৃষি ও পল্লী ঋণ/বিনিয়োগ লক্ষ্যমাত্রার বিপরীতে এবং ৯(খ-ঘ) অনুচ্ছেদ অনুযায়ী ঋণ/বিনিয়োগ বিতরণ করলে তা তাদের বার্ষিক কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (CMSME) ঋণ/বিনিয়োগ লক্ষ্যমাত্রার বিপরীতে বিতরণ হিসেবে প্রদর্শন করতে পারবে।

**১৬. অন্যান্য শর্তাবলি:**

ক) পুনঃ অর্থায়ন তহবিলের আওতায় ৯% সুদ/মুনাফা হারে গ্রাহক পর্যায়ে ঋণ বিতরণ বা বিনিয়োগ কার্যক্রম সম্পর্কিত তথ্যাদি উল্লেখ করে ব্যাংক শাখার অভ্যন্তরে এবং বাইরে (সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে) ব্যানার স্থাপন করতে হবে এবং বিশেষ ক্যাম্পেইনের মাধ্যমে এই রেয়াতি ঋণ সুবিধার প্রচার-প্রচারণা করতে হবে।

খ) বাংলাদেশ ব্যাংকের নিকট হতে তহবিলের প্রাপ্যতা সীমা বিবেচনা সাপেক্ষে সংশ্লিষ্ট ব্যাংক ঋণ বিতরণ বা বিনিয়োগ করবে এবং ঋণ বিতরণ বা বিনিয়োগের ক্ষেত্রে অংশগ্রহণকারী ব্যাংক প্রচলিত বিধি-বিধান অনুসরণ করবে।

গ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এবং বর্তমানে অনুসৃত কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচি এবং কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগে (CMSME) অর্থায়ন নীতিমালাসহ অন্যান্য নীতিমালা যেমন-জামানত, আবেদনপত্র গ্রহণ ও প্রক্রিয়াকরণের সময়কাল, ঋণগ্রহীতার যোগ্যতা নিরূপণ, ঋণ/বিনিয়োগ বিতরণ, ঋণ/বিনিয়োগের সদ্ব্যবহার, তদারকি ও আদায় প্রক্রিয়া যথারীতি অনুসৃত হবে।

চলমান পাতা-৫

ঘ) ব্যাংকসমূহকে নিজস্ব নেটওয়ার্ক অর্থাৎ নিজস্ব শাখা, উপশাখা, এজেন্ট ব্যাংকিং এবং দলবদ্ধভাবে (Group Lending) সরাসরি গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগ বিতরণ নিশ্চিত করতে হবে।

ঙ) নারী ও প্রান্তিক কৃষকদের অর্থায়ন সহজীকরণের লক্ষ্যে প্রচলিত স্থাবর সম্পত্তির পরিবর্তে বিকল্প জামানত (যেমনঃ ব্যক্তিগত, সামাজিক বা দলগত জামানত) ব্যবহারের বিষয়টি ব্যাংক বিবেচনা করতে পারবে।

চ) Credit Information Bureau (CIB)-তে খেলাপি হিসেবে চিহ্নিত ঋণগ্রহীতাগণ আলোচ্য তহবিলের আওতায় ঋণ/বিনিয়োগ প্রাপ্তির যোগ্য বিবেচিত হবে না।

ছ) এ তহবিলের আওতাভুক্ত ঋণ/বিনিয়োগসমূহ সম্পূর্ণ 'নতুন ঋণ' (Fresh Disbursement) হিসেবে মাঠপর্যায়ে বিতরণ করতে হবে।

জ) গৃহীত ঋণ/বিনিয়োগ কোনোভাবেই গ্রাহকের পুরাতন ঋণ সমন্বয়ের জন্য, মন্দ বা নিয়মিত চলমান মেয়াদি/চলতি মূলধন ঋণের হিসাব আংশিক বা সম্পূর্ণভাবে সমন্বয় (Adjustment) বা পুনঃতফসিলিকরণের (Rescheduling) জন্য ব্যবহার করা যাবে না।

ঝ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত শিডিউল অব চার্জেস সংক্রান্ত বিদ্যমান নীতিমালায় বর্ণিত চার্জ/ফি ব্যতিরেকে গ্রাহকের নিকট হতে অন্য কোনো ধরনের চার্জ বা ফি আদায় করা যাবে না।

ঞ) ইসলামী শরীয়াহ ভিত্তিক পরিচালিত ব্যাংকের বিনিয়োগ ও অন্যান্য ব্যাংকের ইসলামিক ব্যাংকিং পদ্ধতির মাধ্যমে অনুমোদিত বিনিয়োগের ক্ষেত্রে ব্যাংকসমূহ উপর্যুক্ত শর্তাদির ব্যত্যয় না করে স্বীয় অনুমোদিত বিনিয়োগ পদ্ধতির ভিত্তিতে এ তহবিলের আওতায় গ্রাহকের অনুকূলে বিনিয়োগ প্রদান করতে পারবে।

ট) আলোচ্য পুনঃ অর্থায়নের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের চাহিদার প্রেক্ষিতে অংশগ্রহণকারী ব্যাংক প্রয়োজনীয় তথ্য, কাগজপত্র এবং দলিলাদির কপি সরবরাহ করবে। পুনঃ অর্থায়ন সংক্রান্ত উল্লিখিত নীতিমালার শর্তাদির বিষয়ে সময়ে সময়ে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় সংযোজন, বিয়োজন ও পরিমার্জন করতে পারবে।

উপরিউক্ত নীতিমালা ও শর্তাদি অনুসরণপূর্বক এ পুনঃ অর্থায়ন তহবিলে অংশগ্রহণের জন্য ব্যাংকসমূহকে এ সার্কুলার জারির পরবর্তী ৪৫ (পঁয়তাল্লিশ) কর্মদিবসের মধ্যে কৃষি ঋণ বিভাগ-২, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর সাথে অংশগ্রহণ চুক্তি (Participation Agreement) সম্পাদন করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা প্রদান করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

সংযোজনীঃ ৩ (তিন) পাতা।

আপনাদের বিশ্বস্ত,



(দেবাশীষ সরকার)
পরিচালক (এসিডি-১)
আইপিঃ ০২৫৫৬৬৫০০১-৬/২০১৭০
ইমেইলঃ debashish.sarker@bb.org.bd

**সংযুক্ত ছক-১**

## কৃষিভিত্তিক শিল্প, কৃষিজাত পণ্য উৎপাদন ও কৃষিপণ্য/খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প তালিকা

১. প্রক্রিয়াজাতকরণকৃত ফলজাত খাদ্য (জ্যাম, জেলি, জুস, আচার, শরবত, সিরাপ, সস ইত্যাদি);
২. ফল (টমেটো, আম, পেয়ারা, আখ, কাঁঠাল, লিচু, আনারস, নারিকেল ইত্যাদি), শাক-সবজি, ডাল প্রক্রিয়াকরণ/প্রক্রিয়াজাতকরণ;
৩. ব্রেড এন্ড বিস্কুট, সেমাই, লাচ্ছা, চানাচুর, নুডুলস্ ইত্যাদি প্রক্রিয়াকরণ/প্রক্রিয়াজাতকরণ;
৪. চাল, আটা, ময়দা, সুজি প্রস্তুতকরণ;
৫. স্বয়ংক্রিয় চাল কল (অটো রাইস মিল);
৬. মাশরুম ও স্পাইরুলিনা (Spirulina) প্রক্রিয়াকরণ/প্রক্রিয়াজাতকরণ;
৭. স্টার্চ, গ্লুকোজ, ডেক্সট্রোজ এবং অন্যান্য স্টার্চ পণ্য উৎপাদন, ভুট্টা প্রক্রিয়াকরণ/প্রক্রিয়াজাতকরণ;
৮. দুগ্ধ প্রক্রিয়াকরণ/প্রক্রিয়াজাতকরণ; (দুগ্ধ পাস্তুরিতকরণ-Pasturization, গুড়োদুধ, আইসক্রিম, কনডেন্সড মিল্ক, মিষ্টি, পনির, মাখন, ঘি, চকোলেট, দধি ইত্যাদি);
৯. আলু থেকে প্রক্রিয়াজাত খাদ্য (চিপস্, পটেটো, ফ্লেক্স, স্টার্চ ইত্যাদি) উৎপাদন;
১০. বিভিন্ন গুড়ো মসলা উৎপাদন;
১১. ভোজ্য তেল পরিশোধন ও হাইড্রোজিনেশন;
১২. লবণ প্রক্রিয়াজাতকরণ;
১৩. চিংড়ি ও অন্যান্য মাছ প্রক্রিয়াজাতকরণ ও হিমায়িতকরণ;
১৪. হারবাল ও ভেষজ প্রসাধনী (Cosmetics) প্রস্তুতকরণ;
১৫. ইউনানি আয়ুর্বেদিক ঔষধ প্রস্তুতকরণ;
১৬. হাঁস-মুরগি ও গবাদি পশু এবং মাছের জন্য সুষম খাদ্য প্রস্তুতকরণ;
১৭. বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ;
১৮. পাটজাত দ্রব্য প্রস্তুতকরণ (যেমন- দড়ি, সুতা, টোয়াইন, চট, থলে, কার্পেট, পাটের স্যান্ডেল প্রভৃতি)
১৯. রেশম সুতা ও রেশম বস্ত্র উৎপাদন;
২০. কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারক শিল্প;
২১. মুড়ি, চিড়া, খৈ ইত্যাদি প্রস্তুতকরণ;
২২. চা প্রক্রিয়াকরণ/প্রক্রিয়াজাতকরণ;
২৩. নারিকেল তেল প্রস্তুতকরণ (যদি দেশীয় নারিকেল থেকে সংগৃহীত copra ব্যবহার করা হয়);
২৪. রাবার টেপ, লাক্ষা প্রক্রিয়াজাতকরণ;
২৫. কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ খাত-সংশ্লিষ্ট জৈব প্রযুক্তি ভিত্তিক পণ্য, ভ্যাকসিন ও ঔষধ উৎপাদন;
২৬. কাঠ, বাঁশ ও বেতের আসবাব তৈরি/উৎপাদন;
২৭. ফুল সংরক্ষণ ও প্রক্রিয়াজাতকরণ;
২৮. মাংস প্রক্রিয়াজাতকরণ;
২৯. জৈব সার, মিশ্র সার, গুটি ইউরিয়া ইত্যাদি উৎপাদন;
৩০. বায়োপেস্টিসাইড, নিম উৎপাদিত পেস্টিসাইড ইত্যাদি উৎপাদন;
৩১. মৌমাছি চাষ/মধু উৎপাদন;
৩২. পার্টিকেল বোর্ড উৎপাদন;
৩৩. চিনি ও অন্যান্য মিষ্টিকারক পণ্য উৎপাদন (খেজুরের রস, আখের রস প্রভৃতি প্রক্রিয়াকরণ/প্রক্রিয়াজাতকরণ);
৩৪. সয়াফুড উৎপাদন ও সয়াবিন প্রক্রিয়াকরণ/প্রক্রিয়াজাতকরণ;
৩৫. সরিষা তেল প্রস্তুতকারী শিল্প (যদি দেশীয় সরিষা ব্যবহৃত হয়);
৩৬. রাইস ব্রান ওয়েল উৎপাদন;
৩৭. রাবারজাত দ্রব্যাদি তৈরির প্রকল্প;
৩৮. বীজ শিল্প (Seed Industry);
৩৯. দুগ্ধজাত ও পোল্ট্রিজাত পণ্য প্রক্রিয়াকরণ/প্রক্রিয়াজাতকরণ এবং বাজারজাতকরণ;
৪০. হর্টিকালচার, ফ্লোরিকালচার পণ্য প্রক্রিয়াকরণ/প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণ (লেবু, মাশরুম, পান, মধু ইত্যাদি এ শিল্পের অন্তর্ভুক্ত হবে)।

সংযুক্ত ছক-২

**দেশের উত্তরবঙ্গে কৃষিভিত্তিক বিশেষ অর্থনৈতিক কেন্দ্র সৃষ্টির লক্ষ্যে ৩,০০০ (তিন হাজার) কোটি টাকার পুনঃ অর্থায়ন তহবিল এর আওতায়**
**পুনঃ অর্থায়ন দাবি সংক্রান্ত বিবরণী (মাসিক ভিত্তিক)**

ব্যাংকের নাম:

মাসের নাম:

অর্থবছর:

(কোটি টাকায়)

| ক্রমিক নং | শাখার নাম | গ্রাহকের নাম ও মোবাইল | বিভাগ ও জেলা | ঋণ/বিনিয়োগের খাত | বিতরণকৃত ঋণ/বিনিয়োগের পরিমাণ | গ্রাহক পর্যায়ে সুদ/মুনাফার হার (%) | ঋণ বিতরণ/ বিনিয়োগের তারিখ | ঋণ/বিনিয়োগের মেয়াদ | বিতরণকৃত ঋণ/ বিনিয়োগের বিপরীতে দাবিকৃত পুনঃ অর্থায়নের পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | | | | | | | | | |
| ২ | | | | | | | | | |
| মোট পরিমাণ: | | | | | | | | | |

সংযুক্ত ছক-৩

**দেশের উত্তরবঙ্গে কৃষিভিত্তিক বিশেষ অর্থনৈতিক কেন্দ্র সৃষ্টির লক্ষ্যে ৩,০০০ (তিন হাজার) কোটি টাকার পুনঃ অর্থায়ন তহবিল এর আওতায় ঋণ বিতরণের পুঞ্জিভূত বিবরণী (মাসিক ভিত্তিক)**

ব্যাংকের নাম:

বিবরণীর সময়কাল : --/--/-- হতে --/--/-- পর্যন্ত

(লক্ষ টাকায়)

| শাখার নাম | বিভাগ ও জেলা | বরাদ্দের পরিমাণ | অনুমোদিত ঋণ/ বিনিয়োগের পরিমাণ | ক) কৃষি উৎপাদন খাত | | খ) কৃষিপণ্য সংরক্ষণ, পরিবহন, বাজারজাতকরণ ও অবকাঠামো খাত | | গ) কৃষিজাত/কৃষিভিত্তিক পণ্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ খাত | | ঘ) কৃষিপণ্য ও কৃষিভিত্তিক পণ্যের রপ্তানি খাত | | বিতরণকৃত ঋণ/ বিনিয়োগের মোট পরিমাণ | ঋণ/ বিনিয়োগ প্রাপ্ত মোট গ্রাহকের সংখ্যা | বরাদ্দের তুলনায় ঋণ বিতরণ/বিনিয়োগের হার (%) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | বিতরণকৃত ঋণ/ বিনিয়োগের পরিমাণ | ঋণ/ বিনিয়োগ প্রাপ্ত গ্রাহকের সংখ্যা | বিতরণকৃত ঋণ/ বিনিয়োগের পরিমাণ | ঋণ/ বিনিয়োগ প্রাপ্ত গ্রাহকের সংখ্যা | বিতরণকৃত ঋণ/ বিনিয়োগের পরিমাণ | ঋণ/ বিনিয়োগ প্রাপ্ত গ্রাহকের সংখ্যা | বিতরণকৃত ঋণ/ বিনিয়োগের পরিমাণ | ঋণ/ বিনিয়োগ প্রাপ্ত গ্রাহকের সংখ্যা | | | |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |
| সর্বমোট | | | | | | | | | | | | | | |